# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৯১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রুকূ‘ ও সাজদায় পিঠ সোজা করে না, সে ফিতরাত তথা ইসলামের স্বভাবজাত বৈশিষ্ট্যের উপর থাকে না

ذِكْرُ نَفْيِ الْفِطْرَةِ عَنْ مَنْ لَمْ يُقِمْ صُلْبَهُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ

آرবী

1891 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ قَالَ: حَدَّثَنَا ابْنُ مَهْدِيٍّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنِ الْأَعْمَشِ عَنْ زَيْدِ بْنِ وَهْبٍ قَالَ: رَأَى حُذَيْفَةُ رَجُلًا عِنْدَ أَبْوَابِ كِنْدَةَ يَنْقُرُ فَقَالَ: مُذْ كَمْ صَلَّيْتَ هَذِهِ الصَّلَاةَ؟ قَالَ: مُنْذُ أَرْبَعِينَ سَنَةً قَالَ: لَوْ مُتَّ متَّ عَلَى غَيْرِ الْفِطْرَةِ الَّتِي فُطر عَلَيْهَا مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِن الرجل لَيُخَفِّفُ ويُتِمُّ الركوع والسجود.

الراوي : زَيْد بْن وَهْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1891 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৮৯১. যাইদ বিন ওয়াহাব রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু একবার কিনদার দরজার কাছে এক ব্যক্তিকে দেখলেন সে ঠোকর মেরে সাজদা করছে! তখন তিনি তাকে বলেন, “তুমি কতদিন থেকে এরকম সালাত আদায় করো?” জবাবে সে ব্যক্তি বললো, “৪০ বছর ধরে।” হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “যদি তুমি এই সালাতের উপর মারা যেতে, তবে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে ফিতরাত তথা স্বভাবজাত বৈশিষ্টের উপর ছিলেন, তুমি তার থেকে ভিন্ন স্বভাবের উপর মৃত্যু বরণ করতে! কোন ব্যক্তি সালাত হালকা করে আদায় করতে পারে, তবে সে অবশ্যই রুকূ‘ ও সাজদা পরিপূর্ণভাবে করবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৩৮৪; সহীহ আল বুখারী: ৭৯১; সুনান বাইহাকী: ২/৩৮৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬১৬;

নাসাঈ: ৩/৫৮-৫৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৮৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু ওয়াহব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91107

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন